**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**22 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==================================================================

১) স্বাধীনতা দিবসের দিন রাজ্যের বিভিন্ন প্রান্তে আই-ই-ডি সদৃশ্য সামগ্রী স্থাপনের অভিযোগে আসম পুলিশ এবং এন-আর এর অভিযানে ১৫ জনকে গ্রেপ্তার ।
২) কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পরিষ ( সি বি এস ই )র আগামী পয়লা ডিসেম্বরের পরিবর্তে ১৫ই ডিসেম্বর থেকে সি-টেট অনুষ্ঠিত করার কথা ঘোষণা ।
৩) আজ বিশ্ব নদী দিবস । ব্রম্মপুত্র এবং বরাক নদী সুদীর্ঘ অতিত থেকে আসামের অর্থনৈতিক বুনিয়াদ শক্তিশালী করে গড়ে তুলার ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করে আসছে বলে রাজ্যের জলসম্পদ মন্ত্রী পীযুষ হাজরিকার মন্তব্য ।
৪) আসন্ন পঞ্চায়েত নির্বাচনে আম আদমী পার্টী অন্য কোন দলের সঙ্গে মিত্রতা করবে না বলে দলের নব নির্বাচিত রাজ্য সভাপতি মনোজ ধানোয়ারের প্রকাশ ।

---

স্বাধীনতা দিবসের সময় রাজ্যের বিভিন্ন প্রান্তে সন্দেহযুক্ত বোমা সদৃশ সামগ্রী রাখার ঘটনার তদন্তের অংশ হিসেবে আসাম পুলিশ রাজ্যের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে ১৫ জন লোককে আটক করে ।উল্লেখ্য আটক করা লোকেদের মধ্যে তিনজন মহিলা রয়েছেন ।ডিব্রুগড় ও লখিমপুর থেকে তিনজন করে লোককে আটক করার বিপরীতে যোরহাট ও গৌহাটী থেকে দুজন করে লোককে আটক করা হয় । এদিকে তিনসুকিয়া শদিয়া নগাও নলবারী তামুলপুর থেকে একজন করে লোককে আটক করা হয় ।আসাম পুলিশের মুখ্য কার্যালয়ে জাতীয় তদন্তকারী সংস্থা এন আই এর কারিগরি সহযোগীতায় চালানো এই অভিযান বিভিন্ন সূত্র থেকে পাওয়া তদন্তের তথ্যের ভিত্তিতে চালানো হয় ।আটক করা ব্যাক্তিদের প্রাথমিক জেরার পর অভিযোগনামা দাখিল করা হয়েছে ।পুলিশ সূত্রে পরবর্তী জেরার পর ঘটনা সংক্রান্ত আরো অধিক তথ্য পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে ।

---

নতুনদিল্লীতে ভারত মন্ডপমে গত ১৯ শে সেপ্টেম্বর থেকে ৪ দিনব্যাপী অনুষ্ঠিত ওয়ার্লড ফুড ইন্ডিয়া ২০২৪ এর আজ সমাপ্তি হয় ।এই কার্যসূচীতে ৪০ টি পর্ব অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে বিভিন্ন রাজ্যের সংশ্লিষ্ট বিভাগ ও কেন্দ্রীয় সরকারের মন্ত্রনালয় তথা সংস্থাগুলির প্রতিনিধিরা অংশ গ্রহণ করেন ।অনুষ্ঠানে এক হাজার ৫৫৭ জন প্রদর্শনকারী বিভিন্ন ধরণের উদ্ভাবন প্রদর্শন করেন ।কার্যসূচীতে ২০ টি দেশের পেভেলিয়ন উদ্বোধন করা হয় ।১০৮ টি রাষ্ট্রের ৮০৯ জন ক্রেতা ও ২ হাজার ৩৯০ জন বিদেশী প্রতিনিধি অনুষ্ঠানে অংশ নেন ।এই অনুষ্ঠানের প্রথম দিন ভিডিও বার্তায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কেন্দ্রীয় সরকার দেশের উদ্ভাবন , বহনক্ষমতা ও খাদ্য সুরক্ষার ক্ষেত্রে বৈশ্বিক মান নির্ধারণের ক্ষেত্রে বদ্ধপরিকর বলে মন্তব্য করেছিলেন ।তিনি সরকার কৃষকদের উদ্ভাবনমূলক নীতি ও গুরুত্ব সহকারে প্রকল্প রুপায়নের দ্বারা সহায়তা করে আসছে বলে মন্তব্য করেন ।

---

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পরিষদ ( সি বি এস ই ) আগামী পয়লা ডিসেম্বরের পরিবর্তে ১৫ই ডিসেম্বর থেকে সি-টেট অনুষ্ঠিত করার কথা ঘোষণা করেছে । প্রশাসনিক কারণে পূর্বে ঘোষণা করা সি-টেটের দিন পরিবর্তন করা হয়েছে । এ সম্পর্কে পরিষদের জারী করা নির্দেশনা অনুসারে আগামী ১৫ ডিসেম্বর ( রবিবার ) সমগ্র দেশে সি-টেট অনুষ্ঠিত হবে । এর আগে কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ ( সি বি এস ই ) পয়লা ডিসেম্বর দেশের মোট ১শো ৩৬টি শহরে সি-টেট অনুষ্ঠিত করার কথা ঘোষণা করেছিল । উল্লেখ্য যে গত ১৭ সেপ্টেম্বর থেকে আরম্ভ হওয়া সি-টেট এর অন-লাইন আবেদন প্রক্রিয়া আগামী ১৬ অক্টোবর সমাপ্ত হবে ।

---

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আসাম প্রত্যক্ষ নিযুক্তি ( এ ডি আর ) সম্পর্কে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপের কথা ঘোষণা করেছেন । এই অনুসারে প্রার্থীরা অন-লাইনযোগে আবেদন করে লিখিত পরীক্ষার ও এম আর সিট-এর ফোটকপি সেবা থেকে সংগ্রহ করতে পারবেন । এই প্রক্রিয়া আগামী ২৭ সেপ্টেম্বর থেকে আরম্ভ হবে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে পরীক্ষায় স্বচ্ছতা এবং নিরপেক্ষতা বজায় রাখাতে এবং ত্রুটিহীন পরীক্ষা অনুষ্ঠিত করার জন্যই এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।

---

আজ বিশ্ব গন্ডার দিবস । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই উপলক্ষে আজকের দিনটি গন্ডার সুরক্ষার ক্ষেত্রে ভারতের প্রতিশ্রুতির কথা স্মরণ করেছেন । সামজিক মাধ্যমের একটি পোষ্টে শ্রী মোদী গত কয়েক বছর থেকে গন্ডার সংরক্ষণের প্রচেষ্টার সঙ্গে যুক্ত কর্মচারীদের ভূয়সি প্রশংসা করেছেন । তিনি বলেন যে ভারত হচ্ছে বৃহৎ সংখ্যক এক-খর্গযুক্ত গন্ডারের অন্যতম বিচরণভূমি এবং এটি দেশের একটি গৌরবের বিষয় । প্রধানমন্ত্রী আসামের কাজিরাঙ্গা জাতীয় উদ্যান ভ্রমণের কথা স্মরণ করে

সবাইকে কাজিরাঙ্গা ভ্রমণ করার আহ্বান জানিয়েছেন । শ্রী মোদী গত ৮ এবং ৯ মার্চ কাজিরাঙ্গা জাতীয় উদ্যান ভ্রমণ করেছিলেন ।

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বিশ্ব গন্ডার দিবসের আজকের দিনটিতে রাজ্য সরকারের প্রতিশ্রুতির কথা স্মরণ করেছেন । তিনি আসামের জৈব বৈচিত্রের অমূল্য রত্নস্বরূপ গন্ডারের সুরক্ষা , আবাসিক এলাকার সম্প্রসারণ এবং সামগ্রিক ভাবে সংরক্ষণ সুনিশ্চিত করার ক্ষেত্রে রাজ্য সরকারের গ্রহণ করা বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করেন ।

কাজিরাঙ্গা জাতীয় উদ্যানে বর্ণাঢ্য কার্যসূচির মাধ্যমে আজ বিশ্ব গন্ডার দিবস পালন করা হয়েছে । আজ বিকেল ৩টা থেকে এই উপলক্ষে এক বিশেষ কার্যসূচির আয়োজন করা হয় । অনুষ্ঠানে মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া , চন্দ্র মোহন পাটোয়ারী , অতুল বরা , কেশব মহন্ত এবং সাংসদ কামাখ্যা প্রসাদ তাসা উপস্থিত ছিলেন । মানস জাতীয় উদ্যানেও আজ এই উপলক্ষে বিস্তৃত কার্যসূচি গ্রহণ করা হয়েছিল ।

---

রাজ্যের সাধারণ প্রশাসন বিভাগের মন্ত্রী রঞ্জিত কুমার দাস নব গঠিত উপজেলা গুলির ভারপ্রাপ্ত অতিরিক্ত জেলা আয়ুক্ত এবং সহকারী আয়ুক্তদের জন্য আয়োজিত একটি প্রশিক্ষণ কার্যসূচির সমাপ্তি অনুষ্ঠানে গতকাল মুখ্য অতিথি হিসেবে অংশ গ্রহণ করে আধিকারিকদের জনসাধারণের প্রতি দায়িত্বশীল হয়ে কাজ করে সু-শাসন ব্যবস্থা আরো দৃঢ় করার আহ্বান জানিয়েছেন । প্রশাসনিক সূচলতা এবং কর্মদক্ষতা বৃদ্ধি করা সহ গণমুখী সেবা প্রদানের উদ্দেশ্যে রাজ্য সরকারের গৃহিত সিদ্ধান্ত অনুসারে ৭৮টি উপ-জেলার মধ্যে প্রথম পর্যায়ে ৩৯টি উপ-জেলা গঠনের কাজ আগামী দুসরা অক্টোবর থেকে আরম্ভ হবে । এই উপ-জেলা গুলির ১শো ৭ জন আধিকারিকের জন্য আসাম প্রশাসনিক মহাবিদ্যালয়ে ১৫ দিনব্যাপী আয়োজন করা প্রশিক্ষণ কার্যসূচি গতকাল সমাপ্তি হয় । শ্রী দাস গতকালের সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত হয়ে প্রথম পর্যায়ে কার্যকর হওয়া উপ-জেলাগুলির ভারপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত এবং সহকারী আয়ুক্তদের শুভেচ্ছা জানিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা নেতৃত্বাধীন রাজ্য সরকারের সিদ্ধান্ত অনুসারে প্রশাসনকে জনসাধারণের কাছে নিয়ে যাওয়ার প্রয়াসকে ফলপ্রসূ করে তোলার আহ্বান জানান ।

আজ বিশ্ব নদী দিবস । নদী সুরক্ষার প্রতি সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে প্রতি বছর সেপ্টেম্বর মাসের চতুর্থ রবিবার এই দিবস পালন করা হয় । মানব সভ্যতা শুরু থেকেই নদী কেন্দ্রীক এবং এই নদীই অর্থনৈতিক বুনিয়াদ নির্মানে মুখ্য ভূমিকা পালন করে আসছে । সম্প্রতি জনসংখ্যা বিস্ফোরণ , আধুনিকতা এবং পরিকাঠামো নির্মানের জন্য বিভিন্ন কার্যকলাপ এবং পরিবেশ প্রদূষণের ফলে নদীগুলির প্রদূষণও বৃদ্ধি পেয়েছে । ফলে বিভিন্ন জীবন ধারা এবং কলা সংস্কৃতির ধারাবাহিকতা বহণ করা এই নদী অসংখ্য মানুষের ভিটা-মাটি তলিয়ে নিয়ে নিজেও সৃষ্টির অতলে হারয়ে গেছে । এই পরিস্থিতির প্রতি লক্ষ্য রেখে বিশ্বব্যাপী এই দিবস পালনের গুরুত্ব বৃদ্ধি পেয়েছে । ২ হাজার ৫ সাল থেকে এই দিবস পালন করা শুরু হয়েছে ।

আসামেও আজ বিশ্ব নদী দিবস উপলক্ষে নদী সংরক্ষণের প্রতি সচেতনতামূলক কার্যসূচি গ্রহণ করা হয় । রাজ্যের জলসম্পদ মন্ত্রী পীযুষ হাজরিকা আজ এই দিবস উপলক্ষে এক বার্তায় বলেছেন যে ব্রহ্মপুত্র এবং বরাক নদী সুদীর্ঘ অতিত থেকে আসামের অর্থনৈতিক বুনিয়াদ শক্তিশালী করে গড়ে তুলার ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করে আসছে । তিনি বলেন যে নদী পৃথিবীর হৃদযন্ত্রস্বরূপ তবে বিগত কয়েক দশক থেকে প্রদূষণের ফলে নদীগুলির মারত্মক অপব্যবহার বৃদ্ধি পাওয়ায় এই নদী পরিবেশের জন্য প্রত্যহ্বান হয়ে ওঠেছে । মন্ত্রী শ্রী হাজরিকা আজকের এই দিনে নদীকে মাতৃ হিসেবে গ্রহণ করে জনসাধারণকে নদীগুলিকে পরিষ্কার এবং প্রদূষণমুক্ত রাখার জন্য সংকল্প গ্রহণ করার আহ্বান জানান ।

---

রাজ্যের আসন্ন পঞ্চায়েত নির্বাচনে আম আদমী পার্টি অন্য কোনো দলের সংগে মিত্রতা করবেনা বলে দলের নব নিযুক্ত রাজ্য সভাপতি মনোজ ধানোয়ার আজ গৌহাটীতে জানিয়েছেন ।দলের রাজ্য কার্যালয়ে অনুষ্ঠিত কার্যকর্তা সভায় এই বিষয়ে জানিয়ে তিনি দলীয় কর্মীদের সক্রিয় ভূমিকা নিতে আহ্বান জানান ।তিনি বলেন যে দল সরকার গঠন করতে সমর্থ হলে সরকারী শিক্ষা ক্ষেত্রের উন্নয়নের জন্য দিল্লী ও পাঞ্জাব সরকারের গ্রহণ করা অনুরুপ ব্যবস্থা দল গ্রহণ করবে ।আজকের অনুষ্ঠানে দলের বেশ কয়েকজন বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি জেলা পরিষদ কার্য্যলয়ে আগামীকাল থেকে পঞ্চায়েতের সীমা খসড়া সর্ম্পকে পাওয়া দাবী ও আপত্তিগুলির শুনানী গ্রহন করা হবে । জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক রঞ্জিত কুমার লস্কর আজ জানান যে আগামীকাল ও আগামী মঙ্গলবার ব্যাক্তিগতভাবে পাওয়া দাবী ও আপত্তিগুলির শুনানী গ্রহন করা হবে । এছাড়া বিভিন্ন সংস্থা-সংগঠন ও সুশীল সমাজের দাবী ও আপত্তিগুলি আগামী ২৫শে সেপ্টেম্বর গ্রহন করা হবে । বিজ্ঞপ্তীতে আরো জানানো হয়েছে যে ১২১

নম্বর হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের দাবী ও আপত্তিগুলি অতিরিক্ত আযুক্ত রক্তিম বড়ুয়া এবং ১২২ নম্বর আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের দাবী ও আপত্তিগুলি অতিরিক্ত আযুক্ত অমিত পারবোসা দেখবেন ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ আগামী সাত দিন নাগাল্যান্ড , মণিপুর , মিজোরাম ও ত্রিপুরাতে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে পূর্বাভাসে জানিয়েছে ।তবে আসাম ও মেঘালয়ে আগামীকাল থেকে শুক্রবার পর্যন্ত ভারী বৃষ্টি হতে পারে বলে সূত্রে জানা গেছে ।এদিকে রাজ্যের প্রধান পাচটি শহর গৌহাটী শিলচর ডিব্রুগড় যোরহাট ও গোয়ালপাড়ায় তাপমাত্রা গড়ে ৩৫ ডিগ্রী সেলসিয়াস থেকে ২৭ ডিগ্রী সেলসিয়াসের মধ্যে থাকবে বলে জানানো হয়েছে ।

---

অল আসাম ইলেকট্রিসিটি কনজুমার্স এসোসিয়েশনের আসাম রাজ্য কমিটির উদ্যোগে আজ বঙ্গাইগাও-এর বি আর আম্বেদকর ভবনে বিদ্যুৎ গ্রাহকদের অভিবর্তন অনুষ্ঠিত হয়েছে । দন্ডিচরণ সূত্রধরের পৌরহিত্যে আয়োজিত অভিবর্তনে অল আসাম ইলেকট্রিসিটি কনজুমার্স এসোসিয়েশনের রাজ্য কমিটির আহ্বায়ক অজয় আচার্য্য মূখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন । এছাড়া অভিবর্তনে অবিলম্বে প্রিপেইড স্মার্ট মিটার বাতিল করার দাবী জানিয়ে বিভিন্ন বক্তা আলোচনা করেন ।

---

---